প্রথম আলো

তারিখ: 15 NOV 2010
পৃষ্ঠা ... কলাম ...

দনিয়া কলেজ

# শিক্ষক-কর্মচারীরা তিন মাস ধরে বেতন পাচ্ছেন না

রাজধানী প্রতিবেদক ●

দনিয়া কলেজের এমপিওভুক্ত ৫৫ জন শিক্ষক ও ১১ জন কর্মচারী তিন মাস ধরে বেতন পাচ্ছেন না। চলতি মাসের বেতন পাবেন কি না, তা-ও নিশ্চিত নয়। শিক্ষক-কর্মচারীদের অভিযোগ, কলেজের পরিচালনা পর্ষদ গঠন নিয়ে সৃষ্ট জটিলতায় এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

কলেজ কর্তৃপক্ষ বলছে, ওই শিক্ষক-কর্মচারীরা কলেজের নির্দিষ্ট বেতন-ভাতা পাচ্ছেন। গত আগস্ট থেকে তাঁরা শুধু সরকারি অংশের বেতন ও বোনাস পাচ্ছেন না। এই কলেজে মোট ৭৮ জন শিক্ষক রয়েছেন, তাঁদের ৫৫ জন এমপিওভুক্ত। কর্মচারী রয়েছেন প্রায় ১৪০ জন, এমপিওভুক্ত ১১ জন।

দনিয়া কলেজ সূত্র জানায়, বর্তমানে কলেজটিতে আহ্বায়ক কমিটি ও পরিচালনা পর্ষদের কোনো কার্যক্রম চালু নেই। অথচ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের সরকারি বেতন তুলতে হলে অধ্যক্ষ ও পরিচালনা পর্ষদ বা আহ্বায়ক কমিটির সভাপতির স্বাক্ষর লাগে।

দনিয়া কলেজশিক্ষক পরিষদের সম্পাদক আবুল কালাম বলেন, বর্তমানে দনিয়ার একটি বেসরকারি ব্যাংক থেকে কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা দেওয়া হয়। সরকারি বেতনের জন্য অগ্রণী ব্যাংকের ডেমরা শাখায় গত কয়েক মাসের সব চেক জমা দেওয়া রয়েছে। এই দুটি ব্যাংকেই কলেজের পৃথক দুটি হিসাব খোলা রয়েছে।

জানতে চাইলে কলেজ অধ্যক্ষ সাহাদাত হুসাইন বলেন, নির্দিষ্ট সময়ে পরিচালনা পর্ষদের নতুন কমিটির তালিকা দিতে হবে, এমন কোনো নিয়ম নেই। তারপরও কোনো নোটিশ ছাড়া আহ্বায়ক কমিটি গঠন করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। সরকারি বেতনের অংশটুকু দিতে অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চলছে।